দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৯ APR 2017
পৃষ্ঠা ৭ ... কলাম ২

# বানারীপাড়ায় প্রতিবন্ধীদের মাঝে শিক্ষা উপবৃত্তির চেক বিতরণ

বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা

বানারীপাড়া উপজেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে ৯০ জন প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপবৃত্তির চেক বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী কর্মকর্তা ইসরাত জাহানের সভাপতিত্বে চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ গোলাম ফারুক। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা জাহান কবির, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও ইউপি চেয়ারম্যান জিয়াউল হক মিন্টু প্রমুখ।